# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় : মক্কার পবিত্র ও ঐতিহাসিক স্থানসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দারুন নাদওয়া

এটি নির্মাণ করেন কুসাই ইবন কিলাব হিজরতের প্রায় ২০০ বছর আগে। এ নামে নামকরণ করা হয় এ কারণে যে, তারা এখানে পরামর্শ করতো। এটাই ঐ গৃহ যেখানে কুরাইশ নেতৃবৃন্দ ইসলাম প্রচারের বিরুদ্ধে পরিকল্পনা প্রণয়নের জন্যে একত্রিত হতো। তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হত্যার পরিকল্পনাও এখানেই করে।

আববাসী খলীফা মু'তাদ্বাদ ২৮৪ হিজরীতে মসজিদে হারাম সম্প্রসারণের সময় দারুন নাদওয়াকে মসজিদে হারামের অন্তর্ভুক্ত করেন। বর্তমানে সেটা মসজিদে হারামের উত্তর-পশ্চিম প্রান্তে অবস্থিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7473

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন